

## শব

ক্রমে দেখা যায় হাত পা মাথা ও শরীর।  
জলে ডুবে আছে পূর্ণদেহ একজন মানুষ  
একজন আমরা দেখি তাকে বাতিলের মতো।  
মানুষের সাড়াশব্দ নেই দেখে কোনো এক ফাঁকে  
অনেক বা একা দূর থেকে বয়ে এনে, নিষ্কণ্টক  
নিঃসংশয়ে রেখে গেছে বিজন নির্জনে  
পুঁতে, জলে, পাটের স্তূপের নীচে...  
হঠাৎ উঠেছে জেগে রোদ পড়ে মুখের ওপর।

## সকালের রং পুড়ে

খাত পালটে নদী গেছে সমুদ্রের দিকে—  
সারা আকাশ জুড়ে ফুটে আছে নক্ষত্রের আলো।  
রাস্তা থেকে লোকালয় কেউ কি এক যায়গায় আছে!  
খোঁজো হাতে বাজারে নদীর খেয়া বাসস্টপে  
রেলের বগিতে, লাইনে, রেশনে, দোকানে, সিনেমায়,  
খোঁজো যেখানে মানুষ যার প্রয়োজনে জীবনের খাত হেঁটে।

পালটেছে ঢাকার চিহ্ন, পালটেছে পাহাড় জঙ্গল,  
দূরে সরে গেছে নদীর, পাড় ভেঙে ঢুকছে জীবন,  
রং পালটে সকাল গিয়েছে ফিরে সন্ধ্যার আঁচলে,  
প্রকৃতিও পালটে হয়েছে নিরেট কংকাল।

আমাদের বয়স হয়েছে হারিয়েছি প্রভাতফেরীর গন্ধ।  
কখন গিয়েছে মরে ঘামে - ঘামে বন্দেমাতরম,  
বঙ্কিমের গলা কবে জুড়িয়ে গিয়েছে কতদিন আগে  
খেয়াল রাখিনি কেউ, জলে ভিজে গিয়েছি সকলে।

খাত পালটে নদী গেছে সমুদ্রের দিকে,  
সারা আকাশ জুড়ে ফুটে আছে নক্ষত্রের আলো।  
মানুষের মুখ সকল ঋতুতে এক যায়গায় নেই  
পালটে গেছে মুখের বিভাগ শব্দ, সম্বোধনের রীতি।

সকালের রং পুড়ে দুপুর হয়েছে বিকেলে ধূসর,  
আমাদেরও বয়স বেড়েছে, দূরে সরে গেছে প্রেম।

## জল্লাদরা আসে, মুখ ঢেকেই আসে

কাছে দূরে কোথাও নদী নেই, অথচ নদী বয়ে যায় রক্তের ভিতর।

হাওয়া চুপিচুপি কথা বলে ডেকে নিয়ে যায়,  
সন্ত্রাস, ভাত ছড়ানোর মতন।

চারিদিক উঁচিয়ে রয়েছে দখল,  
পাহাড় প্রমাণ আতঙ্ক মেশানো খাঁকি  
কখনো পুলিশ কখনো তুমি  
অস্ত্রধাতুর ষাঁড়।

ঘরবাড়ি ভাঙে,

ভূত দেখায়,

পিছন খোলা দেখায়

জল্লাদরা আসে প্রায়শ মুখ ঢেকে।

কাছে দূরে কোথাও নদী নেই, অথচ নদী বয়ে যায় রক্তের ভিতর।

## ভেসে দিল আটঘাট

দুঃখ ছিল হাতের মুঠোয়  
দেখি নি হাত খুলে,  
আহত এবং ব্যথিত দিনগুলি  
তাও রাখি নি, মুঠোয় কোনোদিন,  
ভালোবাসা ছিল কিনা  
তাও খুঁজি নি একমনে।  
হাঁড়ির মুখের ঢাকনা তুলে  
দেখি নি তার কেমন মুখশ্রী?

ঘরের ভিতর কষ্ট ছিল  
কষ্ট ছিল তিলের হাঁড়ির পেটে  
কষ্ট ছিল খেলার মাঠে  
কষ্ট ছিল পাঠশালায় যেতে  
নিম্নচাপের বিপদ মাথায়  
পথ ভেঙেছি হাঁটুর কাপড় তুলে  
পথ হেঁটেছি রাতেদিনে  
পথ হেঁটেছি শাড়ির খুঁট ধরে।

জল দিয়ে ধুই হাত পা এবং  
গোধূলিবেলায় স্নায়ু  
ভুল ছিল কি তামাম পথ  
সঞ্জী ইতিহাসে?

সাধের মধ্যে একটুখানি  
খামচে তুলি দুধের থেকে সর  
সেইটুকুতে আটকে পড়ে মাছি  
ভেসে দিল সমস্ত আটঘাট।